# পশ্চিমবঙ্গসরকার
# শিশু বিকাশ প্রকল্প আধিকারিকেরকরণ
# বারাবনি সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প
# পশ্চিম বর্ধমান

**স্মারকসংখ্যাঃ১৯৯/ আইসিডিএস/বারা** **তারিখঃ ২১/০৮/২০২৪**

## অঙ্গনওয়াড়ি কর্মীদের নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা জানানো যাচ্ছে যে **বারাবনি** সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্পে অঙ্গনওয়াড়ি কর্মীপদে নিযুক্তির জন্য কেবলমাত্র **বারাবনি** সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প এলাকার কেবলমাত্র মহিলা প্রার্থী তথা আবেদনকারিণীদের নিকট হতে নিম্নলিখিত শর্তে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে।

- প্রার্থীকে অবশ্যই ভারতীয় নাগরিক হতে হবে এবং **বারাবনি** পঞ্চায়েত সমিতির স্থায়ী বাসিন্দা হতে হবে।
- **কর্মীর নিয়োগ প্রজেক্ট ভিত্তিক।।**
- এই নিয়োগ সম্পূর্ণরূপে স্বেচ্ছাসেবামূলক।
- এই কাজে নিযুক্ত কর্মী কোনমতেই সরকারী কর্মী হিসেবে গণ্য হবেন না।
- অঙ্গনওয়াড়ি কর্মীদের সরকার অনুমোদিত হারে প্রতিমাসে সাম্মানিক ভাতা সহ অতিরিক্ত সাম্মানিক ভাতা প্রদান করা হবে। বর্তমানে অঙ্গনওয়াড়ি কর্মীদের চালু সাম্মানিক ভাতার পরিমাণ মাসিক ৪৫০০/-টাকা ও অতিরিক্ত সাম্মানিক ভাতার পরিমান মাসিক ৪৫০০/- টাকা।
- আবেদন শুধুমাত্র অনলাইন এ করা যাবে । অনলাইন আবেদন করার ওয়েবসাইটঃ **www.icdspsbdn.in I**
- 

**Note : অনলাইন ব্যতিত অন্য কোনো মাধ্যমে আবেদন গ্রাহ্য হবেনা।**

**সরাসরি নিয়োগের মাধ্যমে শূণ্যপদ অনুযায়ী সংরক্ষণ বিন্যাস:**

| Sl No. | UR | SC | ST | OBC-A | OBC-B | PWD | EWS | TOTAL |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ৩ | ৩ | 0 | 0 | ১ | 0 | ১ | ৮ |

# আবশ্যিক শর্তাবলী:

| | | |
|---|---|---|
| ১ | আবেদনকারীর বয়স | **বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে (২১-০৮-২০২৪) প্রার্থীর বয়স ১৮-থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে** ।এই শর্তাবলী সকল শ্রেণীর (অর্থাৎ UR, ST, SC, OBC-A, OBC-B , EWS, PWD ) । প্রার্থীদের ক্ষেত্রেই প্রযোজ্য হবে। জন্ম-শংসাপত্র( Birth Certificate) অথবা মাধ্যমিক বা স্বীকৃত সমতুল্য পরীক্ষার অ্যাডমিট কার্ড বা **সরকার** স্বীকৃত বোর্ড কর্তৃক প্রদত্ত দশম শ্রেণী পাশ শংসাপত্রে লিখিত বয়সই এক্ষেত্রে সঠিক বয়সের প্রমাণ হিসেবে বিবেচিত হবে। |
| ২ | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা | অঙ্গনওয়াড়ি **কর্মী** পদের ক্ষেত্রে প্রার্থী কে যে কোনো স্বীকৃত বোর্ড /কাউন্সিল (Recognized Board /Council ) থেকে **Class XII** বা সমতুল্য পরীক্ষা পাশ হতে হবে (UR, ST, SC, OBC-A, OBC-B , EWS, PWD সকলের ক্ষেত্রেই প্রযোজ্য । |
| ৩ | স্থায়ী বাসস্থান : | **কর্মী নিয়োগ প্রজেক্ট ভিত্তিক ।এই পদে আবেদনকারিনীকে বারাবনি ICDS প্রকল্প এলাকার অর্থাৎ বারাবনি পঞ্চায়েত সমিতির স্থায়ী বাসিন্দা হতে হবে । বারাবনি পঞ্চায়েত সমিতির স্থায়ী বাসিন্দা আবেদনকারিণীরাই বারাবনি ICDS প্রকল্পে ঘোষিত শূন্যপদের জন্য আবেদন করতে পারবেন।**<br><br>স্থায়ী বাসস্থান সংক্রান্ত প্রমান হিসেবে **i)** সচিত্র ভোটার পরিচয় পত্র ( EPIC) **এবং** ii) প্রার্থীকে দেওয়া সংশ্লিষ্ট লোকসভার সদস্য/ জেলার সভাধিপতি/ সংশ্লিষ্ট এলাকার বিধায়ক/চেয়ারম্যান- পৌরনিগম/কাউন্সিলর/কমিশনার পৌরনিগম/ পঞ্চায়েত সমিতির সভাপতি /গ্রাম পঞ্চায়েতের প্রধান/ জেলাশাসক/ অতিরিক্ত জেলাশাসক/ সংশ্লিষ্ট মহকুমাশাসক/ সংশ্লিষ্ট সমষ্টি উন্নয়ন আধিকারিকের মধ্যে যে কোনো একজন কর্তৃক প্রদত্ত স্বাক্ষরিত প্রমাণপত্র বাসস্থানের প্রমান হিসেবে দাখিল করতে হবে । |
| ৪ | নিয়োগ পদ্ধতি : | সকল আবশ্যিক শর্তপূরণের সাপেক্ষে যোগ্য প্রার্থী তথা আবেদনকারিণীদের পরীক্ষার মাধ্যমে নির্বাচিত করা হবে।পরীক্ষার পূর্ণমান ১০০। প্রথমে ৯০ নম্বরের লিখিত পরীক্ষা নেওয়া হবে। মৌখিক পরীক্ষা ১০ নম্বরের। **কোনো প্রার্থী লিখিত পরীক্ষায় ন্যূনতম ৩০ নম্বর পেলে তবেই সে** মৌখিক পরীক্ষা **(Viva-Voce)- র জন্য কোয়ালিফাই করবেন ।** এই শর্তাবলী সকল শ্রেণী যথা- সাধারণ, তপশিলীজাতি, তপশিলী উপজাতি ও ওবিসি A/ ওবিসি B /, EWS , প্রতিবন্ধী- সব ক্ষেত্রেই প্রযোজ্য হবে। লিখিত পরীক্ষায় পাশ করলেও মৌখিক পরীক্ষায় অনুপস্থিত থাকলে সেই প্রার্থী অযোগ্য বলে বিবেচিত হবেন। মৌখিক পরীক্ষা **(Viva-Voce)** তে **কোনো** কোয়ালিফাইং মার্কস্ নেই। প্যানেল প্রস্তুতির জন্য লিখিত পরীক্ষায় প্রাপ্ত ও মৌখিক পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বর বিবেচনা করা হবে এবং তার ভিত্তিতে চূড়ান্ত মেধাতালিকা প্রস্তুত করা হবে। যদি কোন ক্ষেত্রে দেখা যায় একই শ্রেণীর দুই বা ততোধিক প্রার্থীর লিখিত ও মৌখিক পরীক্ষার প্রাপ্ত নম্বর সমান, সেক্ষেত্রে যাঁর বয়স বেশি তাঁকে সরকারী আদেশ অনুসারে অগ্রাধিকার দেওয়া হবে।<br><br>বিশেষ ক্ষেত্রে সরকারী আদেশনামা অনুসারে কর্তৃপক্ষ ১:৫ অনুপাতে ( শূন্যপদ সংখ্যা: মৌখিকপরীক্ষায় আহ্বান পাওয়া পরীক্ষার্থীর সংখ্যা) মৌখিক পরীক্ষা নেওয়া হতে পারে। |
| ৫ | লিখিত পরীক্ষার পাঠ্যক্রম : | **১. মাতৃভাষায় ১৫০ শব্দের রচনা লিখন- মা ও শিশু স্বাস্থ্য বিষয়ক (দশম মান ) পূর্ণমান- ১৫**<br>**২. পাটিগণিত - (দশম মান ) পূর্ণমান- ২০**<br>**৩. পুষ্টি , জনস্বাস্থ্য ও নারীদের অবস্থান, রাজ্য স্বাস্থ্য নীতি , পুষ্টি ও ০-৬ বছরের টিকাকরণ - পূর্ণমান- ১৫**<br>**৪. ইংরেজি ভাষা ( প্রাথমিক ও সাধারণ ইংরেজি ভাষাজ্ঞান , সরল অনুবাদ )- (দশম মান) - পূর্ণমান- ২০**<br>**৫. সাধারণ জ্ঞান - পূর্ণমান-২০**<br>**সর্বমোট নম্বর - ৯০** |
| ৬ | কর্মক্ষেত্র | আবেদনকারিনী যদি কর্মীপদে নিযুক্ত হন তবে তাকে উক্ত পঞ্চায়েত সমিতির অন্তর্ভুক্ত যে কোনো গ্রাম পঞ্চায়েতের কোনো অঙ্গনওয়াড়ি কেন্দ্রে যোগদান করতে হবে। |
| ৭ | প্রশিক্ষণ | কাজ সংক্রান্ত যে কোনো প্রশিক্ষণ বাধ্যতামূলক এবং পশ্চিমবঙ্গের যে কোনো জায়গায় প্রশিক্ষণ হতে পারে |
| ৮ | অবসরকালীন বয়স | বর্তমান সরকারি নির্দেশিকা অনুযায়ী প্রতি অঙ্গনওয়াড়ি কর্মীর ৬৫ বছর বয়স পূর্ণ হলে বাধ্যতামূলকভাবে এই স্বেচ্ছাসেবামূলক কর্মজীবনের অবসান ঘটবে। |

| | | |
|---|---|---|
| ৯ | সংরক্ষণ সংক্রান্ত শর্তাবলীঃ | i) জাতিগত শংসাপত্র , প্রতিবন্ধী সার্টিফিকেট, EWS সার্টিফিকেট ইত্যাদি **উপযুক্ত কর্তৃপক্ষ দ্বারা প্রদত্ত হতে হবে। উপরোক্ত শংসাপত্র সমূহ আবেদনপত্রের নির্দিষ্ট জায়গায় আপলোড করতে হবে ও আবেদনপত্রের নির্দিষ্ট জায়গায় উলেখ করতে হবে । উক্ত নথি জমা না করা হলে ঐ প্রার্থীকে অসংরক্ষিত পদের জন্য বিবেচনা করা হবে (অন্যান্য যোগ্যতা মান সঠিক থাকলে এবং অসংরক্ষিত শূন্যপদ থাকলে )।**<br>ii) **EWS** সার্টিফিকেট বর্তমান আর্থিক বর্ষের জন্য প্রযোজ্য হতে হবে।<br>iii) জাতিগত শংসাপত্র , প্রতিবন্ধী সার্টিফিকেট, EWS সার্টিফিকেট ইত্যাদি **কোনো ক্ষেত্রেই শংসাপত্রের জন্য আবেদন জমা দেওয়ার রসিদ গ্রাহ্য করা হবে না।**<br>iv) ST, SC, OBC-A, OBC-B , EWS, PWD এর ক্ষেত্রে **উপযুক্ত কর্তৃপক্ষ** কর্তৃক জারি হওয়া শংসাপত্রই একমাত্র গ্রাহ্য হবে। এক্ষেত্রে অন্য কোন প্রকার শংসাপত্র গ্রাহ্য করা হবে না।<br>v) PWD পদে আবেদনকারিনীকে প্রতিবন্ধী শংসাপত্র- Disability Certificate (প্রতিবন্ধকতা- ৪০% বা তার অধিক) **উপযুক্ত কর্তৃপক্ষ দ্বারা প্রদত্ত হতে হবে।**<br>vi) সংশ্লিষ্ট প্রার্থী কে নিয়োগ প্রক্রিয়া চলাকালীন চাওয়ামাত্র বা যথোপযুক্ত সময়ে তপশিলী জাতি/ তপশিলী উপজাতি/ ওবিসি- A/ ওবিসি- B/ EWS/ শারীরিক প্রতিবন্ধী / তাঁর বাসস্থান এলাকার সংশ্লিষ্ট মহকুমাশাসক কর্তৃক প্রদত্ত নন-ক্রীমি লেয়ার-এর আসল/মূল শংসাপত্র দাখিল করতে হবে।<br>vii) নিয়োগের পূর্বে শংসাপত্রের সত্যতা যাচাই করে নেওয়া হবে। |

## আবেদন পত্র জমা সংক্রান্ত নির্দেশাবলী ও সময়সীমাঃ

i) আবেদনকারিণীদের অবশ্যই অনলাইন ওয়েবসাইটের মাধ্যমে আবেদন জমা করতে হবে।

**অনলাইন আবেদন করার ওয়েবসাইটঃ** www.icdspsbdn.in

সরাসরি , ডাকযোগে বা কুরিয়ারের মাধ্যমে আবেদন গ্রাহ্য হবে না ও বাতিল বলে গণ্য হবে ।

| | |
|---|---|
| **অনলাইন এ আবেদন জমা করার শুরুর তারিখঃ** | **২১/০৮/২০২৪ বেলা ১১ টা থেকে** |
| **অনলাইন এ আবেদন জমা করার করার শেষ তারিখঃ** | **১৮ /০৯/ ২০২৪ রাত্রি ১১:৫৯ পর্যন্ত** |

**উপরে উল্লেখিত শেষ তারিখ ও সময়সীমার পরে কোনো আবেদন জমা দেওয়া যাবেনা যেহেতু সার্ভার বন্ধ হয়ে যাবে।**

**ii)** একজন প্রার্থীকে আবেদন করার পূর্বেই প্রথমে তার মোবাইল নং রেজিস্ট্রেশন করতে হবে প্রার্থীর মোবাইল নম্বরে নিবন্ধীকরণ (রেজিস্ট্রেশন)এর জন্য পাসওয়ার্ড আসবে । এই পাসওয়ার্ড সংরক্ষণ করতে হবে যেহেতু পরীক্ষা সংক্রান্ত বিভিন্ন তথ্যাদি ডাউনলোড ইত্যাদি এই পাসওয়ার্ড দিয়েই হবে। পাসওয়ার্ড তিনবারের বেশি রিসেট করা যাবেনা। প্রত্যেকে নিজ নিজ মোবাইল নম্বর দিয়ে আবেদন করবেন এবং নিয়োগ প্রক্রিয়া সম্পূর্ণ না হওয়া অবধি মোবাইল নং সচল (Active) রাখতে হবে কারণ উক্ত মোবাইল নম্বর এই নিয়োগ প্রক্রিয়ার সঙ্গে অঙ্গাঙ্গী ভাবে যুক্ত থাকবে এবং এই মোবাইল নম্বরে প্রয়োজনে পরীক্ষা সম্পর্কিত SMS পাঠানো হবে।

iii) অনলাইন দরখাস্ত করার সময়ে শুধুমাত্র নিম্নলিখিত প্রমাণপত্র সমূহের **স্ব প্রত্যয়িত নকল** (স্ক্যান কপি) ওয়েবসাইটে আপলোড করতে হবেঃ

আবশ্যিক নথিসমুহর লিস্ট যা সংযুক্ত করতে হবে:

১) বয়সের প্রমাণপত্র,
২) শিক্ষাগত যোগ্যতার প্রমান পত্র,
৩) ভোটার কার্ড (EPIC) এবং স্থায়ী বাসিন্দার শংসাপত্র ,
৪) জাতিগত শংসাপত্র (প্রযোজ্য হলে) ,
৫) প্রতিবন্ধী শংসাপত্র (প্রযোজ্য হলে)
৬) EWS (আর্থিকভাবে দুর্বল শ্রেণী) (শংসাপত্র প্রযোজ্য হলে)।

উপরোক্ত শংসাপত্র সমূহ আবেদনপত্রের নির্দিষ্ট জায়গায় আপলোড করতে হবে।

**(প্রজেক্ট এবং রিজার্ভ ক্যাটেগরি ব্যতিত ) অন্যান্য তথ্যাদি আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ পর্যন্ত পরিবর্তন করা যেতে পারে এবং এ সংক্রান্ত শংসাপত্র আপলোড করা যাবে।**

**iv ) সাম্প্রতিক সময়ে (আবেদন করার তারিখ থেকে ছয়মাস পূর্বের সময়ের মধ্যে) তোলা প্রার্থী তথা আবেদনকারিণীর রঙিন পাসপোর্ট মাপের ছবি (25 কিলো বাইট থেকে 50 কিলোবাইট, 180px x 230 px)।** এই ছবির অন্তত ৩ (তিন)টি কপি প্রার্থীর নিজস্ব নিরাপদ হেফাজতে রাখতে হবে যা পরে চাওয়া হতে পারে। এই পাসপোর্ট মাপের (সাইজের) ছবির পশ্চাতভাগ (Background) সাদা বা সাদাটে হতে হবে। ছবিতে প্রার্থীর মুখ সরাসরি সামনের দিকে থাকতে হবে। প্রার্থীর মুখে কোন প্রকার ছায়া এসে পড়লে চলবে না। মুখাবয়ব স্পষ্ট ও দৃশ্যমান থাকতে হবে। চশমা থাকতে পারে তবে চোখ স্পষ্ট দৃশ্যমান হতে হবে।

**v) নীল/কালো কালিতে আবেদনকারিণীর নামের সম্পূর্ণ সই/স্বাক্ষর আপলোড করতে হবে (10 কিলোবাইট থেকে 20 কিলোবাইট, 160px x 70 px)**

vi) সফল আবেদনকারিণী প্রার্থীকে তার আবেদন পত্র ওয়েবসাইট থেকে ডাউনলোড ও প্রিন্ট করে ভবিষ্যৎ প্রয়োজনের জন্য সংরক্ষণ করতে হবে

vii) **রচনা লিখন মাতৃভাষায় লিখতে** হবে। আবেদনপত্রে প্রার্থীকে প্রশ্নপত্রের ভাষা চয়ন করতে হবে।

viii) সঠিক দরখাস্তকারিনীদের তালিকা ও বাতিল দরখাস্তকারিনীদের তালিকা উপরোক্ত ওয়েবসাইট/ পোর্টালেই দেখা যাবে।

ix) লিখিত পরীক্ষার তারিখ, স্থান ও সময় উপরোক্ত ওয়েবসাইট /পোর্টাল-এ বিজ্ঞপ্তি আকারে উপযুক্ত সময়ে জানানো হবে। (পরীক্ষার তারিখ ও সময় প্রশাসনিক কারণে পরিবর্তন যোগ্য) । উপরোক্ত ওয়েবসাইট থেকে প্রার্থীকে নিজেকেই ডাউনলোড করে রঙিন প্রিন্ট আউট নিতে হবে।

x) সঠিক প্রার্থীদের সচিত্র প্রবেশপত্র (Admit Card) উপরোক্ত ওয়েবসাইট থেকে প্রার্থীকে নিজেকেই নির্ধারিত সময়সীমার মধ্যে ডাউনলোড করে রঙিন প্রিন্ট আউট নিতে হবে। এক্ষেত্রে আলাদাভাবে কোনো আবেদিনকারিণীকে প্রবেশ পত্র (Admit Card ) পাঠানো হবে না_ পরীক্ষা কেন্দ্রে প্রবেশপত্র (Admit Card) নিয়ে প্রবেশ করতে হবে। প্রবেশপত্র (Admit Card) ছাড়া কোনো প্রার্থীকে লিখিত পরীক্ষায় বসতে দেওয়া হবে না।

xi) **অনুলেখকের জন্য আবেদন** :- যে সকল প্রতিবন্ধী আবেদনকারিনী(ন্যূনতম ৪০% অক্ষম) অনুলেখকের সুবিধা পেতে চান তাদের বারাবনি শিশু বিকাশ প্রকল্প আধিকারিকের কার্য্যালয়ে আবেদনপত্র জমা দেওয়ার ৭ দিনের মধ্যে আলাদাভাবে আবেদন করতে হবে এবং Appendix –I জমা দিতে হবে ( সংযোজিত)।

xii) মৌখিক পরীক্ষার প্রবেশপত্রে (Admit Card) যোগ্য প্রার্থীদের উপরোক্ত ওয়েবসাইট থেকেই ডাউনলোড করতে হবে । ডাউনলোডের সময়সীমা উপরোক্ত ওয়েবসাইটে যথাসময়ে প্রকাশ করা হবে তারিখ ,পরীক্ষার কেন্দ্র, সময়, সংক্ষিপ্ত নিয়মাবলী, ইত্যাদি সম্পর্কিত সকল তথ্য থাকবে।

## লিখিত পরীক্ষায় বসার নিয়মাবলী :-

i) প্রার্থীদের সচিত্র প্রবেশপত্র (Admit Card) উপরোক্ত ওয়েবসাইট থেকে প্রার্থীকে নিজেকেই ওয়েবসাইটে প্রকাশিত নির্ধারিত সময়সীমার মধ্যে ডাউনলোড করতে হবে। প্রার্থীদের রঙিন প্রিন্ট আউট নিতে হবে ।এক্ষেত্রে কোনো প্রার্থীকে আলাদাভাবে কোনো এডমিট কার্ড পাঠানো হবেনা।

ii) প্রবেশপত্রে (Admit Card) লিখিত পরীক্ষার তারিখ ,পরীক্ষার কেন্দ্র, সময়, সংক্ষিপ্ত নিয়মাবলী, ইত্যাদি সম্পর্কিত সকল তথ্য থাকবে

iii) পরীক্ষাকেন্দ্রে কোনোরকম মোবাইল ফোন , স্মার্ট ওয়াচ বা ক্যালকুলেটর ইত্যাদি ইলেকট্রনিক বস্তু নিয়ে প্রবেশ করা যাবেনা

iv) প্রার্থী তথা পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্রে নীল বা কালো ডটপেন নিজেকেই আনতে হবে।

v) যেমন সম্পূর্ণ সই আবেদন করার সময়ে দাখিল অর্থাৎ আপলোড করা হয়েছে , অনুরূপ সই পরীক্ষার হলে তাঁকে করতে হবে। পরীক্ষা কেন্দ্রে আগত প্রার্থীর সই দাখিল/আপলোড করা সইয়ের সঙ্গে না মিললে বা সই দেখে সন্দেহ হলে সেই প্রার্থীকে পরীক্ষা কেন্দ্রের কর্তৃপক্ষ পরীক্ষায় বসা থেকে বিরত করতে পারবেন। কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য করা হবে।

## মৌখিক পরীক্ষা ( Viva-Voce ) তে উপস্থিত হবার জন্য নথিসমূহের তালিকা :

মৌখিক পরীক্ষার পূর্বে সকল নথি বা প্রমাণপত্রের আসল দাখিল করতে হবে ও স্ব-প্রত্যয়িত প্রতিলিপি জমা করতে হবেঃ

১)বয়সের প্রমাণপত্র, ২) শিক্ষাগত যোগ্যতার প্রমান পত্র, ৩ ) স্থায়ী বাসিন্দার শংসাপত্র , ৪) জাতিগত শংসাপত্র ( SC/ ST/OBC-A,/OBC-B ( (প্রযোজ্য হলে) , ৫) EWS (আর্থিকভাবে দুর্বল শ্রেণী শংসাপত্র প্রযোজ্য হলে) ও ৬) প্রতিবন্ধী শংসাপত্রের (প্রযোজ্য হলে)/ মহকুমা শাসক কর্তৃক প্রদত্ত নন ক্রিমি লেয়ার সার্টিফিকেট OBC-A/ OBC-B-র জন্য ও অন্যান্য।

বিঃদ্রঃ

i) আবেদনকারিনীদের অনুরোধ করা হচ্ছে সময় থাকতে অনলাইন এ আবেদন করার জন্য এবং পরবর্তী নির্দেশ পাওয়ার জন্য নিয়মিত ওয়েবসাইট টি চেক করার জন্য।

ii) পরীক্ষা পদ্ধতি চলাকালীন বা নিয়োগ পরবর্তী সময়ে যদি প্রমাণিত হয় যে আবেদনকারী ভুল বা অসত্য তথ্য দিয়েছেন ( তার বয়স/ জাতি/ শিক্ষাগত যোগ্যতা/ বাসস্থান সংক্রান্ত তথ্য ) তাহলে তার প্রার্থীপদ বাতিল বলে গণ্য হবে। এক্ষেত্রে জেলা কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত।

iii) পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হওয়ার জন্য কোনরূপ যাতায়াত ভাড়া বা অপর কোন খরচ প্রকল্প কার্যালয় বহন করবেনা।

iv) যদি প্রমাণিত হয় কোন প্রার্থী তাঁর নিয়োগের ক্ষেত্রে কোনরূপ অসাধু উপায় অবলম্বন করেছেন, তাহলে কর্তৃপক্ষ তাঁর প্রার্থী পদ বাতিল করবেন।

v) যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচ্য হবে। সেক্ষেত্রে কোন প্রার্থীকে তার প্রার্থীপদ বাতিল করার ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত কর্তৃপক্ষই নিতে পারবেন।

vi) সকল তথ্য যথাযথ ভাবে দাখিল (Upload) করতে হবে অন্যথায় আবেদন বাতিল হতে পারে। বিজ্ঞপ্তির বা ওয়েবসাইটের (পোর্টালের) লিখিত তথ্য খুঁটিয়ে পড়ে তবেই আবেদন করবেন অন্যথায় আবেদন পত্রে ভুল থাকতে পারে। ভুল আবেদন পত্র বাতিল হবে। এজন্য কর্তৃপক্ষ কোন ভাবেই দায়ী থাকবেন না।

vii) একজন আবেদনকারী মাত্র একবারই আবেদন করতে পারবেন । একজন একাধিক দরখাস্ত করলে বাতিল বলে গণ্য হবে

**পুনঃ সমস্ত প্রক্রিয়াটি সরকারি নির্দেশিকা অনুযায়ী সম্পন্ন হবে। শূন্যপদের সংখ্যা অনিবার্য কারণে পরিবর্তিত হতে পারে।**

21/08/2024.

**শিশু বিকাশ প্রকল্প আধিকারিক**
**বারাবনি সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প**
**বারাবনি , পশ্চিম বর্ধমান**

Child Development Project Officer
Barabani ICDS Project
P.O.- Domohani Bazar,
Paschim Bardhaman

পত্রাঙ্ক :- ১৯৯/১(২২) আইসিডিএস/বারা তাং:-২১/০৮/২০২৪

জনস্বার্থে ও ব্যাপক প্রচারের উদ্দেশ্যে সংশ্লিষ্ট কার্য্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ প্রতিলিপি প্রেরণ করা হলো

১.অধিকর্তা , আই, সি , ডি, এস , পশ্চিমবঙ্গ
2. জেলাশাসক - পশ্চিম বর্ধমান।
৩. অতিরিক্ত জেলাশাসক (উন্নয়ন) - পশ্চিম বর্ধমান।
৪. মহকুমা শাসক - আসানসোল - পশ্চিম বর্ধমান
৫. সমষ্টি উন্নয়ন আধিকারিক - বারাবনি - পশ্চিম বর্ধমান
৬. জেলা প্রকল্প আধিকারিক (আইসিডিএস) পশ্চিম বর্ধমান
৭. ব্লক স্বাস্থ্য আধিকারিক, বারাবনি
৮. সভাপতি - বারাবনি পঞ্চায়েত সমিতি .
৯ .জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক- পশ্চিম বর্ধমান
10-১৮ - পঞ্চায়েত প্রধান (সকল) - বারাবনি পঞ্চায়েত সমিতি
১৯. পোস্টমাস্টার- বারাবনি পোস্ট অফিস - বারাবনি
20. ইন্সপেক্টর –ইন-চার্জ - বারাবনি থানা , বারাবনি
২১. জেলা তথ্যপ্রযুক্তি আধিকারিক (এন আই সি) , পশ্চিম বর্ধমান ,নোটিশটি জেলা ওয়েবসাইটে প্রদর্শনের অনুরোধ সহ।
22.কার্য্যালয়ের নোটিশ বোর্ড প্রতিলিপি

21/08/2024.
শিশু বিকাশ প্রকল্প আধিকারিক
বারাবনি সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প
পশ্চিম বর্ধমান
Child Development Project Officer
Barabani ICDS Project
P.O.- Domohani Bazar,
Paschim Bardhaman

পত্রাঙ্ক :- ১৯৯/২(৩)/আইসিডিএস/বারা তাং:-২১/০৮/২০২৪

কপি অবগতির জন্য প্রেরিত হইল

1. সভাধিপতি , জেলা পরিষদ পশ্চিম বর্ধমান
2. ব্যক্তিগত সচিব, শ্রী প্রদীপ মজুমদার, মাননীয় মন্ত্রী পশ্চিমবঙ্গ সরকার মহাশয়ের অবগতি করণের জন্য
3. আপ্তসহায়ক, ব্যক্তিগত সচিব , শ্রী নরেন্দ্রনাথ চক্রবর্তী , মাননীয় বিধায়ক, পাণ্ডবেশ্বর,মহাশয়ের অবগতি করণের জন্য ,

21/08/2024.
শিশু বিকাশ প্রকল্প আধিকারিক
বারাবনি সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প
পশ্চিম বর্ধমান
Child Development Project Officer
Barabani ICDS Project
P.O.- Domohani Bazar,
Paschim Bardhaman

APPENDIX-1

## CERTIFICATE REGARDING PHYSICAL LIMITATION IN ANEXAMINEE TO WRITE

This is to certify that, I have examined Ms/Mrs.____________________(Name of the candidate with disability), a person with ____________________(Nature andpercentage of disability mentioned in the certificate of disability) D/o/W/o____________________ a Resident ofVillage/Ward ____________Post____________Dist____________ State____________ Pin__________ and to state that she has physical limitation which hampers her writing capabilities owing to her disability.

Signature & Seal

Chief Medical Officer/Medical Superintendent of a Government health care institution
Name & Designation
Name of Government Hospital /Health Care Centre with Seal
Place:
Date:

**Note:**

Certificate should be given by a specialist of the relevant stream/ disability
(e.g. Visual impairment-Ophthalmologist, Locomotor disability-Orthopaedic, Specialist etc)